প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

TESS India

ইংরেজি এবং বিষয়বস্তুর সমন্বয়

English and subject content integration

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

CC BY SA

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট) - এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 EE09v1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটি অন্য বিষয়গুলো শেখার জন্য ইংরেজি ব্যবহার করার এবং ইংরেজি ভাষা শিক্ষার সম্পদ হিসাবে কীভাবে অন্য বিষয়গুলো ব্যবহার করা যায় সেই বিষয়ে। যখন আপনি ইংরেজি ভাষা শিক্ষা আর বিষয় শিক্ষা একসাথে মেলান, ইংরেজি আলাদাভাবে শিখতে হয় না।

বিদ্যালয়ের পাঠ্যক্রমের শিক্ষাগত বিষয়বস্তু হল ভাষা শিক্ষার এক দৃঢ় আর আগ্রহ সৃষ্টিকারী ভিত্তি। এটা একটি কার্যকরী উপায় যা আপনি আপনার বিদ্যালয় বা সম্প্রদায়, ক্লাস্টার বা ব্লকের অন্য শিক্ষকদের সাথে সহযোগিতায় সঠিক ভাবে করতে পারেন।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- অন্য বিষয়গুলিতে ইংরেজি ভাষা শিক্ষার সুযোগগুলো চিহ্নিত করা।
- আপনার শ্রেণিকক্ষে ব্যবহার করার জন্য একটি বিষয়ভিত্তিক ইউনিটের পরিকল্পনা করা।
- আপনার শিক্ষণের বিষয়বস্তু আর ইংরেজি ভাষা শিক্ষাকে একত্রিত করা।

1 একটি বিষয়বস্তু, বিভিন্ন পরিপ্রেক্ষিত

প্রত্যেক ভাষার নিজস্ব শব্দমালা আর ভাষা ব্যবহারের উপায় আছে। বিজ্ঞানের বিষয়ে কথা বলা, পড়া আর লেখা থেকে সামাজিক অধ্যয়নের বিষয়ে কথা বলা, পড়া আর লেখা আলাদা। আপনার পড়া প্রথম কেস স্টাডিতে শিক্ষকেরা একটি বিষয়ভিত্তিক ইউনিটের পরিকল্পনা করছেন, যা ইংরেজিরও উন্নতি ঘটাবে।

কেস স্টাডি 1: জলের বিষয়ে সবিতা দিদিমনি একটি ইউনিটের পরিকল্পনা করেন

একটি বড় শহরের আঞ্চলিক ভাষা মাধ্যমের বিদ্যালয়ের অষ্টম শ্রেণিতে সবিতা দিদিমনি ইংরেজি পড়ান। তাদের জলের অভাব চলছিল আর গ্রীষ্মকাল শুরু হলে তার আরো অবনতি হওয়ার সম্ভাবনা ছিল।

আমি শিক্ষার্থীদের ‘জল’ -এই বিষয়বস্তুটিকে বিভিন্ন পরিপ্রেক্ষিতে দেখাতে চেয়েছিলাম, তাই আমি অন্য বিষয়-এর শিক্ষকদের সাথে কথা বলি।

- বিজ্ঞানে জলের বিষয়ে একটি ইউনিট ছিল, যা শিক্ষক সেই মাসে পড়াবেন বলে পরিকল্পনা করেছিলেন, তাই তিনি দলবদ্ধভাবে পড়াতে রাজি হন।
- গণিত শিক্ষক বলেন যে, শিক্ষার্থীদের আয়তন মাপার বিষয়ে জোর দেওয়া প্রয়োজন আর মনে করেন যে, তিনি বিষয়বস্তুটিতে অংশ নিতে পারবেন।
- আঞ্চলিক ভাষার শিক্ষক ছিলেন একজন নাটক পাগল মানুষ আর তিনি শিক্ষার্থীদের জল সংরক্ষণ এবং বর্ষার জল সংরক্ষণ বিষয়ে একটি নাটক রচনা করতে স্বেচ্ছায় সাহায্য করতে চান, যা তারা আশেপাশের এলাকাগুলোতে মঞ্চস্থ করতে পারে।
- সামাজিক বিজ্ঞানের শিক্ষক বিষয়বস্তুটির সাথে তার পাঠ্যবইয়ের কোন সামঞ্জস্য পান নি, কিন্তু তিনি শিক্ষার্থীদের মানচিত্র পড়ার দক্ষতা বাড়াতে সম্মত হন। দলবদ্ধভাবে পরিকল্পনা করার সময়, এই শিক্ষক সিদ্ধান্ত নেন যে, শিক্ষার্থীরা জলের উৎস

এবং মানুষের বসতির মধ্যে সংযোগের বিষয়ে শিখতে পারে।

নিম্নলিখিত দৃষ্টিকোণগুলো থেকে জলের দিকে নজর দিয়ে আমরা প্রথমে যা ভাবি তা এখানে দেওয়া হল [চিত্র 1]।

চিত্র 1 জল বিষয়বস্তুর বিষয়ে পরিপ্রেক্ষিতগুলো

তার পরে আমরা একটা জলের বিষয়বস্তুর বিষয়ে একাধিক অ্যাক্টিভিটি তালিকাভুক্ত করি [চিত্র 2]।



চিত্র 2 জলের বিষয়বস্তুর বিষয়ে একাধিক অ্যাক্টিভিটি

আমি যে ইংরেজি শব্দমালা আর ভাষার কাঠামোগুলোর উপর জোর দেব, তার তালিকা তৈরি করি। এছাড়া আমি তাদের মাতৃভাষা এবং উপভাষায় জলের বিষয়ে থাকা গল্প আর গান শিক্ষার্থীদের দ্বারা সংগ্রহ করানোর পরিকল্পনা করি। পরে সাধারণ অনুবাদের কাজে আমরা এগুলো ব্যবহার করতে পারি, যেমন কিছু শব্দের ইংরেজি সমতুল্য শব্দ খুঁজে বের করা, সহজ বাক্যাংশ, বাক্য বা গানের অংশ অনুবাদ করা।

একবার আমরা যখন সব সম্ভাব্য অ্যাক্টিভিটিগুলোর তালিকা তৈরি করলাম, আমরা ভাবলাম যে, আমাদের এই সবগুলো আমাদের শিক্ষার্থীদের সাথে করতে এক মাসের মত সময় লাগবে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

জলের বিষয়বস্তুর উপর কী কী ইংরেজি শব্দমালা আর বাক্যগুলো সবিতা দিদিমনি তালিকাভুক্ত করেছিলেন বলে আপনার মনে হয়? জলের বিষয়বস্তুর উপর আপনার মনে হওয়া কিছু ইংরেজি শব্দ এবং বাক্যাংশের তালিকা তৈরি করুন। এই শব্দগুলো এর সাথে সংযোগ করা যেতে পারে:

- কবিতা আর সৃজনশীল রচনা
- ক্রিয়াসমূহ (ঢালা, ধোওয়া, পান করা, ছেটানো)
- রিবেশমূলক প্রচার (জলের অপচয় করবেন না)।

অন্য বিষয়গুলোর সাথে যোগসূত্র থাকা কিছু ইংরেজি শব্দ আর বাক্যাংশের তালিকা তৈরি করার চেষ্টা করুন। উদাহরণস্বরূপ, গণিতে এটা হতে পারে ‘capacity’ আর ‘estimate the volume of water in the container’.

আপনার নিজের বিদ্যালয়ের বিষয়ে চিন্তা করুন। অন্য বিষয়ের শিক্ষকেরা এখন কী কী বিষয় বা বিষয়বস্তু পড়াচ্ছেন? তাঁরা কী এমন কোন বিষয়ে পড়াচ্ছেন যাতে কোন ইংরেজি ভাষার অনুশীলন করা যেতে পারে? এই বিষয়গুলোতে কী কোন পড়ার সামগ্রী আছে যা আপনি আপনার ইংরেজি পাঠে অন্তর্ভুক্ত করতে পারেন?

ভিডিও: স্থানীয় সম্পদগুলি ব্যবহার

2 বিষয়বস্তু হিসাবে কাগজ ব্যবহার করা

অ্যাক্টিভিটি-১: ‘কাগজ’-এর সম্পর্কে বিষয়বস্তুভিত্তিক ইউনিটে ইংরেজি

চিত্র 3 – মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কাগজের বিষয়বস্তু সম্পর্কে ইংরেজি ভাষার অ্যাক্টিভিটিগুলো দেখাচ্ছে। দেখুন যে প্রত্যেক নির্দিষ্ট কার্যকলাপের ভিতরে কীভাবে শিক্ষক ইংরেজি ভাষার বৈশিষ্ট্যগুলোর উপরে জোর দিয়েছেন।



চিত্র 3 কাগজের বিষয়বস্তুর সম্পর্কিত একাধিক ইংরেজি ভাষার অ্যাক্টিভিটি

(**Figure 3** Multiple English-language activities related to the theme of paper.)

চিত্র 3 দেখে নিম্নলিখিতগুলো চিহ্নিত করুন:

- চিত্রটিতে দেওয়া প্রত্যেকটি অ্যাক্টিভিটি কীভাবে বিদ্যালয়ের কোন বিষয়ের সাথে সম্পর্কিত হয়।
- একটি বড় শ্রেণিতে এই অ্যাক্টিভিটিগুলো করতে কত সময় লাগবে।
- কী কী সম্পদের প্রয়োজন হবে।

একজন মাত্র শিক্ষক কি এই সব অ্যাক্টিভিটিগুলো একা করতে পারেন, নাকি অন্য বিষয়ের শিক্ষকদের সাথে সহযোগিতায় তার তা করা উচিত। ইংরেজি পাঠ্যপুস্তক (Butterfly 3, 4, 5) এবং ভৌতপরিবেশ পাঠ্যপুস্তক (আমাদের পরিবেশ Book-5) থেকে এই ধরনের অ্যাক্টিভিটির জন্য (ভাবমূল) নির্বাচন করা যেতে পারে যা Formative Assessment (প্রস্তুতিকালীন মূল্যায়ণ) করতে সাহায্য করবে।

পরের কেস স্টাডিতে পড়ুন যে কীভাবে একজন শিক্ষক গণিত এবং কাগজ দিয়ে হাতের কাজ আছে এমন একটি কার্যকলাপের মাধ্যমে শিক্ষার্থীদের ইংরেজিতে উন্নতি করার পরিকল্পনা করছেন।

কেস স্টাডি 2: ঘটক বাবু কাগজ দিয়ে হাতের কাজের মাধ্যমে ইংরেজি আর গণিত একসাথে পড়ান

ঘটক বাবু সপ্তম শ্রেণিতে পড়ান। খেয়াল করুন যে, সম্পদ 1-এ একটি ফ্লেক্সাগন টেম্পলেট উপলব্ধ আছে।

কাগজের উপর একটি বিষয়বস্তুভিত্তিক ইউনিটে, আমি ইংরেজি ভাষার বিষয়ে নজর দিচ্ছিলাম। আমি গণিত আর বিজ্ঞানের শিক্ষকদের সাথে আলোচনা করি আর একটি কাগজ দিয়ে হাতের কাজের পরিকল্পনা করি। কাগজ দিয়ে শিক্ষার্থীরা জ্যামিতির একটি আকার তৈরি করবে, যা ব্যবহার করে বিজ্ঞানের তথ্য পরিবেশন করা যেতে পারে।

আমার 48 জনের একটা বড় শ্রেণিকক্ষ রয়েছে। ইংরেজির ক্লাসটি মধ্যাহ্নভোজের ঠিক পরেই ছিল। আমি চার জন শিক্ষার্থীকে দশ মিনিট আগে আসতে অনুরোধ করি আর তাদের বলি যে, তারা যেন আমাকে প্রত্যেক শিক্ষার্থীর ডেস্কের উপর একটি কাগজের পৃষ্ঠা রাখতে সাহায্য করে। আমার ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে সবিতা নামে একজন আছে যে অন্ধ। আমি বিশেষ শিক্ষাদাত্রীর সাথে কথা বলি যখন তিনি আগের সপ্তাহে আমাদের বিদ্যালয়ে এসেছিলেন। তিনি পরামর্শ দেন যে, এই কার্যকলাপের জন্য তাকে আমি একটা শিরীষ কাগজ দিতে পরি।
আমি নির্দেশগুলো ইংরেজিতে দিই। পাঠটির আগে আমি অনুশীলন করেছিলাম। এটাই আমি বলেছিলাম, ধীরে ধীরে, ধাপে ধাপে আর বলার সাথে সাথে তা প্রদর্শন করে।

> আমরা আজ একটা ফ্লেক্সাগন বানাতে চলেছি।
>
> আমি তোমাদের প্রত্যেককে 20 × 10 বর্গ সেন্টিমিটারের একটি কাগজের পৃষ্ঠা দিয়েছি। এখন মন দিয়ে আমার নির্দেশগুলো শোনো। আমি তোমাদের দেখাব, আর আমি সব কিছু দুইবার পুনরাবৃত্তি করব। অনুগ্রহ করে মন দিয়ে আমার নির্দেশগুলো শোনো। আমার নির্দেশগুলো বলা হয়ে গেলে তোমরা সাহায্য চাইতে পার।
>
> তোমরা কি সকলে তৈরি? আমরা কি শুরু করব?
>
> প্রথমে, দৈর্ঘ্য অনুযায়ী আয়তক্ষেত্রের মাঝখানের লাইনটিতে ভাঁজ কর, আর এই লাইনের দীর্ঘ কোণাগুলো ভালো করে মুড়ে ফেল।
>
> দ্বিতীয়ত, প্রস্থ ধরে আটটি সমান অংশে ভাগ কর। এখন তোমার কাছে আটটি আয়তক্ষেত্র আছে – মাঝখানের লাইনের উপরে চারটি আর এই লাইনের নিচে চারটি।
>
> এর পরে একটি পেনসিল দিয়ে তোমার মুড়ে ফেলা প্রত্যেকটি আয়তক্ষেত্রের ভিতরে যত্ন সহকারে কর্ণগুলি আঁক। এগুলো ভালো করে ভাঁজ কর। তার পরে কাগজটির ডান আর বাঁ দিক একসাথে নিয়ে এসো আর একটা আরেকটার ভিতরে ঢুকিয়ে দাও, যার ফলে একটি ত্রিমাত্রিক প্রিজম তৈরি হয়।
>
> এর পরে তিনটি ত্রিভুজের অংশগুলো এক অপরের উপরে ঢুকিয়ে দাও। তার পরে যত্নসহকারে তিনটি উপরের বিন্দুর সবকটি কেন্দ্রবিন্দুর ভিতর দিয়ে চেপে ধর।
>
> তোমরা কি দেখতে পাচ্ছ যে, ত্রিভুজগুলোর পরের সারি একই ধরণের আকৃতি গ্রহণ করেছে?

আবার, তিনটি উপরের বিন্দুর সবকটি কেন্দ্রবিন্দুর ভিতর দিয়ে চেপে ধর।

সবশেষে মডেলটি উল্টে নাও আর তিনটি ত্রিভুজের অংশগুলো এক অপরের উপরে ঢুকিয়ে দাও।

এবার তোমার ফ্লেক্সাগন তৈরি। এর প্রত্যেকটি দিকে আলাদা আলাদা ছবি এঁকে তোমরা খাদ্য শৃঙ্খলের মত কোন চক্র বোঝাবার জন্য ব্যবহার করতে পার। তোমাদের কতজন ফ্লেক্সাগন বানানো শেষ করতে পেরেছ? কার সাহায্যের প্রয়োজন?

আমি আনন্দের সাথে দেখলাম যে, তার পাশে বসা শিক্ষার্থী থেকে সামান্য সাহায্য নিয়ে, সবিতা তার ফ্লেক্সাগনটি তৈরি করে ফেলে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

ঘটক বাবু একটি গণিতভিত্তিক অ্যাক্টিভিটি তৈরি করেন যেখানে শিক্ষার একটি সম্পদ তৈরি করার সময় শিক্ষার্থীরা সক্রিয়ভাবে ইংরেজিতে তার বিষয়ে শোনে। প্রথমে তিনি এই কার্যকলাপের সময় শ্রেণিকক্ষ পরিচালনা নিশ্চিত করার কিছু নিয়ম স্থির করেন। তিনি তার নির্দেশগুলো বিভিন্ন ভাবে পুনরাবৃত্তি করেন। ফ্লেক্সাগনের দৃশ্যমান মডেলটি ইংরেজি ভাষা শিক্ষাকে জোরদার করে।

- ঘটকের বাবুর ব্যবহৃত সেই ইংরেজি ভাষা চিহ্নিত করুন যা ছিল:
  - গণিতভিত্তিক
  - নির্দেশমালা আর ক্রমবিন্যাসের বিষয়ে
  - সাধারণ পরিচালনা থেকে শ্রেণিকক্ষ পরিচালনার বিষয়ে
- কী কী তিনি পুনরাবৃত্তি করেন আর কেন?
- কোন কোন শব্দ আর বাক্যাংশের একই ধরণের মানে আছে?
- গণিত আর ইংরেজির বিষয়ে ফ্লেক্সাগন পাঠের মাধ্যমে শ্রী ঘটক তার শিক্ষার্থীদের কী কী শেখাতে চেয়েছিলেন, তা কি আপনি চিহ্নিত করতে পেরেছেন? সেগুলো ছিল:
  - **গণিত:** ব্যবহারিক প্রেক্ষাপটে সঠিকভাবে গণিত বিষয়ক শব্দমালা তৈরি ও তা ব্যবহার করা - centimetre', 'rectangle', 'edge', 'diagonal', 'three-dimensional', 'prism', 'triangular'
  - **ইংরেজি:** ইংরেজিতে একগুচ্ছ নির্দেশমালা অনুসরণ করা; ক্রমিক ভাবে ভাষা বোঝা আর তা ব্যবহার করা ('first', 'second', 'next', 'then', 'finally'); আর আদেশমূলক বাক্য শোনা ও তার উত্তর দেওয়া।
- অন্য বিষয় বা শিক্ষার্থীদের সাধারণ উন্নতিসাধনের বিষয়ে পাঠটিতে আপনি কি আর কোন শিক্ষালাভের লক্ষ্য চিহ্নিত করতে পেরেছেন?
- সম্পদ বন্টন করার ঘটক বাবুর কৌশলের বিষয়ে আপনি কী মনে করেন? আপনি তা অন্য রকমভাবে করলে কী করে করবেন?
- শ্রেণির সব শিক্ষার্থীরা কি এই কার্যকলাপে অংশ নিতে পারে? কেন, বা কেন নয়?

3 আপনার শ্রেণিকক্ষে ইংরেজি আর বিষয়বস্তুর একত্রীকরণ

অ্যাক্টিভিটি-২: একটি বিষয়বস্তু আর কিছু অ্যাক্টিভিটি বেছে নিন – একটি পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি

- াঠ্যক্রমের কোন বিষয়ে আপনার সহকর্মীদের সাথে একটি বিষয়বস্তু বেছে নিন।
- আপনার বেছে নেওয়া বিষয়বস্তুটি নিয়ে আলোচনা করুন আর অ্যাক্টিভিটির তালিকা তৈরি করুন।
- এর পরে আপনাকে অ্যাক্টিভিটির মাধ্যমে ইংরেজি ভাষা শিক্ষার উপর নজর দিতে হবে। বিষয়গুলির শিক্ষকদের সাথে উপযোগী অ্যাক্টিভিটিগুলোর বিষয়ে কথা বলুন আর শিক্ষার্থীদের যে শব্দমালা আর বার্তালাপের দক্ষতা তৈরি হোক বলে আপনি চান তা একসাথে ঠিক করুন।
- অ্যাক্টিভিটি রূপায়ন করতে যে সময় আপনি নেবেন তার অনুমান করুন – আপনি এক সপ্তাহ নেবেন না তার বেশি?
- আপনার যে যে সম্পদ আর সামগ্রীগুলোর প্রয়োজন হবে তার একটি তালিকা প্রস্তুত করুন।
- আলোচনা করুন যে, ইংরেজি ভাষা আর বিষয়, দুটির জন্যই আপনারা বিষয়টির কাজে শিক্ষার্থীদের কীভাবে মূল্যায়ন করবেন।

আপনাদের ধারণাগুলি সংগঠিত করার জন্য আপনার আর আপনার সহযোগীদের সাহায্য করতে পরিকল্পনার টেমপ্লেটগুলোর জন্য সম্পদ 1 দেখুন।

আপনার শিক্ষার্থীদের তৈরি করা আর পরিকল্পনাটি তাদের জানানো একটি ভালো অভ্যাস, বিশেষত: যদি তারা আগে কোন বিষয়বস্তুভিত্তিক ইউনিট না করে থাকে। শ্রেণির কাছে আপনি কীভাবে ইউনিট আর অ্যাক্টিভিটি উপস্থাপনা করবেন সে বিষয়ে চিন্তা করুন।

যখন আপনি আপনার বিষয়বস্তুভিত্তিক ইউনিটটির রূপায়ন করবেন, তার একটি ডায়েরি রাখুন। এগুলোর বিষয়ে লিখে রাখুন:

- কী কী কাজ করেছিল আর কেন, কী কী কাজ করেনি আর কেন
- আপনি কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন আর কীভাবে সেগুলোর মোকাবিলা করেছিলেন
- আপনার ব্যক্তিগত প্রতিফলন আর আপনার সহকর্মীদের সাথে যৌথ প্রতিফলন
- শিক্ষার্থীদের প্রতিক্রিয়া আর মূল্যায়নের সুযোগগুলো।

আপনি যখন আপনার শিক্ষার্থীদের সাথে অ্যাক্টিভিটি করছেন, তখন তাদের শেখা নতুন ইংরেজি শব্দমালা আর বাক্যের কাঠামোর উপর নজর রাখুন। শিক্ষার্থীরা আগে থেকেই পরিচিত এমন ভাষার বিষয়গুলোর উপর পুনরায় জোর দিন। ব্যক্তিগতভাবে মনোযোগ দিন, যাতে আপনি ইংরেজি শেখায় শিক্ষার্থীদের অগ্রগতির খেয়াল রাখতে পারেন – আপনি কিছু সময় ধরে তা বিভিন্ন শিক্ষার্থীদের সাথে করতে পারেন।

বিষয়বস্তুভিত্তিক ইউনিটের শেষে আপনি বিদ্যালয়ের অন্য শিক্ষার্থীদের আর তাদের বাবা-মায়েদের কাছে আপনার শিক্ষার্থীদের কাজ দেখাতে পারেন। এটা তাদের কাজ বা কর্মসম্পাদনের প্রদর্শন হতে পারে।

'অগ্রগতি ও কর্মসম্পাদন মূল্যায়ন করা' সূচক সম্পদ 2 দেখুন, যাতে আপনি বিষয়বস্তুভিত্তিক প্রকল্পগুলোতে শিক্ষার্থীদের শিক্ষালাভ মূল্যায়ন ও লিপিবদ্ধ করার উপায়গুলো সম্বন্ধে জানতে পারবেন।

4 সারসংক্ষেপ

এই ইউনিটে আমরা বিষয়বস্তুভিত্তিক ইউনিটে বিষয়বস্তু আর ইংরেজি ভাষার একত্রীকরণের উপর জোর দিয়েছি।

একটি বিষয়বস্তুভিত্তিক ইউনিটে এক সপ্তাহ বা তার বেশি সময় ধরে একটি যৌথ বিষয়বস্তুর উপর বিষয় ও ভাষাভিত্তিক অ্যাক্টিভিটি পরিকল্পনা করা জড়িত থাকে। আপনি বিষয়বস্তুর জন্য কত সময় দেবেন তা নির্ভর করছে কতটা বিষয়বস্তু আপনি পড়াতে চান, আপনার শিক্ষার্থীদের বয়সের শ্রেণি আর ক্ষমতা, আর পাঠটি রূপায়ন করার জন্য প্রাপ্ত মোট সময়ের উপর।

বিষয়বস্তুভিত্তিক ইউনিটগুলোতে অন্য বিষয়ের শিক্ষকদের সাথে সমন্বয় আর পরিকল্পনা করা জড়িত থাকে। কিন্তু যে শিক্ষকেরা এই পন্থা ব্যবহার করার চেষ্টা করেছেন, তারা এর ফলাফল নিয়ে অত্যন্ত সন্তুষ্ট। শিক্ষার্থীরাও এই অভিজ্ঞতা নিয়ে অত্যন্ত খুশি। যদি আপনি কখনো ইংরেজির সাথে অন্য কোন বিষয় একীভূত করার চেষ্টা না করে থাকেন, আমরা আশা করব যে আপনি আপনার বিদ্যালয়ে একটি বা দুটি ধারণা রূপায়নের চেষ্টা করতে আত্মবিশ্বাসী বোধ করবেন।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হলঃ

- *সৃজনশীল কলার মাধ্যমে ইংরেজি শেখা*
- *ইংরেজির জন্য গোষ্ঠীভিত্তিক সম্পদসমূহ*
- *একটি পাঠ্য বিষয়ক পরিকল্পনা গঠন করা*

সম্পদসমূহ

সম্পদ 1: পরিকল্পনার টেম্পলেটগুলো

তথ্য সংগঠিত করার একটি চিত্রভিত্তিক পন্থা হল গ্রাফিক অর্গানাইজার। এটি বিভিন্ন ধরণের হয়। কোন বিষয়বস্তুকে কেন্দ্র করে ভাষার অ্যাক্টিভিটিগুলোর তালিকা তৈরি করার এটি একটি উপযোগী সম্পদ আর চিন্তা ব্যক্ত করা বা সারাংশ করার জন্য তা ব্যবহার করা যেতে পারে।

এছাড়া গ্রাফিক অর্গানাইজার আমাদের আরো ভালো ভাবে মনে রাখতে সাহায্য করে (চিত্র আর1.1–5)। এগুলো শিক্ষকদের দ্বারা পরিকল্পনা করা, শিক্ষাদানের সময় আর শিক্ষার্থীদের মূল্যায়ন করার সময় ব্যবহার করা যেতে পারে। এগুলো শিক্ষার্থীদের দ্বারা নোটস নেওয়া, তাদের শিক্ষালাভ দৃঢ় করা বা মনে পড়ানোর জন্য তৈরি থাকার জন্য ব্যবহার করা যেতে পারে।



চিত্র R1.1 ভেন: যদি আপনি দুটি বিষয়ের সম্পর্কে পরিকল্পনা করেন, যেমন ইংরেজি আর বিজ্ঞান



চিত্র R1.2 ওয়েব: কোন বিষয়বস্তুর বিষয়ে সব কার্যকলাপের তালিকা তৈরি করতে

চিত্র R1.3 ক্রমিক শৃঙ্খল: একটি কার্যকলাপের পর ক্রমানুশারে পরেরটি আসে



চিত্র R1.4 পিরামিড: পরের অ্যাক্টিভিটিগুলো করার আগে শিক্ষার্থীদের অবশ্যই 'বেসলাইন' কাজগুলো সম্পূর্ণ করতে হবে, যার জন্য তাদের ভিত্তিস্থাপক দক্ষতা আর জ্ঞানের প্রয়োজন হবে

FANTASTIC FLEXAGONS

The flexagon is an amazing model. As you flex it on its centre, each time a different picture comes into view. It can be used to depict any four stage cycle or sequence. It is simply unbelievable that paper can rotate like this without tearing. You can make a flexagon using an old xerox paper.

1. Take a 20-cm x 10-cm sheet of bond paper. This rectangle should be made up of two exact squares.

2. Crease the middle line along the length and fold the long edges to this midline.



3. Fold eight equal segments along the width.



4. With the help of a pencil and scale, first draw the diagonal lines as shown and then crease them well.



5. Bring the paper's left and right sides together and insert one side inside the other, thereby. Making a three dimensional prism.



6. Push in the three triangular areas at the top of each other.



7. Press all the three top points down and through the centre. The next row of triangles will assume a similar shape.



8. Once again, press all three top points down and through the centre.



9. Turn the model over and push in the three triangular areas at the top of each other.



10. This will complete the flexagon. To make it rotate hold it on either side or twist the outer edges in towards the centre, so that the inner surfaces appear.

11. Every time you rotate the flexagon a different facet is exposed. You can depict a cycle or a sequence by drawing a different picture on each of the facets.
For instance, you can depict the FOOD CHAIN as INSECTS are eaten by the FROGS, who are eaten by the SNAKES - who in turn are eaten by the EAGLES.
Similarly, you could depict the RAIN CYCLE, LIFE CYCLE OF A FROG OR A BUTTERFLY, A CYCLE OF SEASONS etc on the Flexagon. The Flexagon is a very powerful model for depicting any cycle.

চিত্র R1.5 ফ্লেক্সাগন: কেস স্টাডি 2 দেখুন

সম্পদ 2: অগ্রগতি ও কার্যসম্পাদনের মূল্যায়ন

শিক্ষার্থীদের শিক্ষণের মূল্যায়ন করার দুটি উদ্দেশ্য থাকতে পারে:

- **পর্যায়ক্রমিক মূল্যায়ন** নির্দিষ্ট সময়কালের বিচার করে এবং ইতিমধ্যেই কী শেখা হয়েছে সে বিষয়ে বিবেচনা করে। সাধারণত গ্রেড দিয়ে অভীক্ষার মাধ্যমে এটা পরিচালিত হয়, যা শিক্ষার্থীদের সেই অভীক্ষার প্রশ্নগুলোর ওপর সাফল্য সম্পর্কে জানায়। এটা ফলাফলের রিপোর্ট প্রস্তুত করতেও সাহায্য করে।
- **প্রস্তুতিকালীন মূল্যায়ন** (অথবা শেখার জন্য মূল্যায়ন) অনেক আলাদা। এর প্রকৃতি হল অ-প্রথাগত ও নির্ণয়মূলক। শিক্ষকরা তাঁদের শিক্ষণ প্রক্রিয়ার অংশ হিসাবে এটা ব্যবহার করেন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা কোন কিছু বুঝেছে কিনা পরীক্ষা করার জন্য প্রশ্ন করা। তারপর পরবর্তী শিখন অভিজ্ঞতাকে পরিবর্তিত করতে এই মূল্যায়নের ফলাফল কাজে লাগানো হয়। নিরীক্ষণ এবং মতামত গঠনমূলক মূল্যায়নের অংশ।

গঠনমূলক মূল্যায়ন শিখনকে উন্নত করে কারণ শেখার জন্য প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই:

- তারা কী শিখবে বলে আশা করা হয় তা বুঝতে হবে
- সেই শিখনের কোন অবস্থায় তারা আছে জানতে হবে
- বুঝতে হবে তারা কীভাবে উন্নতি করতে পারে (কী পড়তে হবে এবং কীভাবে পড়তে হবে)
- যখন তারা আশানুরূপ লক্ষ্য ও ফলাফলে পৌঁছবে তা জানবে।

আপনি যদি প্রত্যেক পাঠের ক্ষেত্রে ওপরের চারটে পয়েন্টে নজর দেন তবে শিক্ষক হিসাবে আপনি আপনার শিক্ষার্থীদের কাছ থেকে সেরা ফল পাবেন। এইভাবে নির্দেশের আগে, চলাকালীন এবং পরে মূল্যায়ন হতে পারে।

- **আগে:** পঠন-পাঠন শুরু হওয়ার আগে মূল্যায়ন আপনাকে শনাক্ত করতে সাহায্য করে শিক্ষার্থীরা কী জানে এবং নির্দেশের আগেই কী করতে পারে। এটা ভিত্তিরেখা নির্দিষ্ট করে এবং আপনার শিক্ষনের পরিকল্পনা করার জন্য আপনাকে একটা শুরুর ধারনা দেয়। আপনার শিক্ষার্থীরা কী জানে সে সম্পর্কে আপনার বোধকে উন্নত করলে শিক্ষার্থীরা ইতিমধ্যেই দক্ষ এমন কোন বিষয়ে আবার পঠন-পাঠন করালে বা সম্ভবত তাদের জানা বা বোঝা উচিৎ (কিন্তু এখনও জানে না) এমন কোনো বিষয় বাদ পড়ে যাওয়ার সম্ভাবনা কমে যায়।
- **চলাকালীন:** শ্রেণিকক্ষে শিক্ষন চলাকালীন শিক্ষার্থীরা শিখছে কিনা এবং উন্নতি করছে কিনা দেখার জন্য মূল্যায়ন। আপনার শিক্ষন পদ্ধতি, সম্পদ এবং কার্যকলাপের সমন্বয়সাধন করতে এটি সাহায্য করবে। শিক্ষার্থী কাঙ্ক্ষিত লক্ষের দিকে কেমন অগ্রগতি করছে এবং আপনার শিক্ষন কতটা সফল তা বোঝার ক্ষেত্রে এটা আপনাকে সাহায্য করবে।
- **পরে:** শিক্ষনের পরের মূল্যায়ন নিশ্চিত করে যে শিক্ষার্থীরা কী শিখেছে এবং কে শিখেছে ও কার এখনও সহায়তা প্রয়োজন আপনাকে তা প্রদর্শন করে। এটা আপনার শিক্ষাদানের লক্ষ্যের কার্যকারিতা মূল্যায়ন করতে আপনাকে সাহায্য করে।

আগে: আপনার শিক্ষার্থীরা কী শিখবে সে সম্পর্কে স্পষ্ট হওয়া

শিক্ষার্থীরা কোন পাঠ বা ক্রম পাঠগুলিতে অবশ্যই কী শিখবে আপনি তা ঠিক করলে, আপনার উচিৎ এটা তাদের সাথে শেয়ার করা। আপনি শিক্ষার্থীদের কী করতে বলছেন আর তার থেকে তারা কী শিখবে বলে আশা করা হচ্ছে এটাকে সতর্কভাবে পৃথক করুন। একটা মুক্ত (Open Ended) প্রশ্ন জিজ্ঞাসা করুন যা আপনাকে মূল্যায়ন করার সুযোগ দেবে যে তারা প্রকৃতই বুঝেছে কিনা। উদাহরণস্বরূপ:



শিক্ষার্থীদের উত্তর দেওয়ার আগে ভাবার জন্য কিছু সময় দিন, অথবা শিক্ষার্থীদের প্রথমে জুটিতে বা ছোট দলে তাদের উত্তরগুলো আলোচনা করে নেওয়ার জন্য বলতে পারেন। তারা আপনাকে তাদের উত্তর বলার সময়, আপনি জানতে পারবেন তাদের কী শিখতে হবে তারা বুঝতে পারছে কিনা।

আগে: শিক্ষার্থীরা তাদের শেখার কোন স্থানে রয়েছে তা জানা

আপনার শিক্ষার্থীদের উন্নতিতে সাহায্য করার জন্য, আপনাকে ও তাদের উভয়কেই জানতে হবে তাদের বোধগম্যতার বর্তমান অবস্থাটা কী। একবার অভীষ্ট শিখন ফলাফল বা লক্ষ্য শেয়ার করার পরে আপনি যা করতে পারেন:

- তারা ইতিমধ্যেই বিষয়টা সম্পর্কে যা জানে তার মানসচিত্র বা তালিকা তৈরী করার জন্য শিক্ষার্থীদের জুটিতে কাজ করতে বলুন, এটা সম্পূর্ণ করার জন্য তাদের যথেষ্ট সময় দিন কিন্তু যাদের ধারণা কম তাদের খুব বেশি সময় দেবেন না। তারপর আপনার মানসচিত্র বা তালিকাগুলো পর্যালোচনা করে দেখা উচিৎ।
- গুরুত্বপূর্ণ শব্দভাণ্ডার বোর্ডে লিখুন এবং প্রত্যেক শব্দ সম্পর্কে তারা কী জানে বলার জন্য স্বেচ্ছাসেবকদের ডাকুন। তারপর ক্লাসের বাকিদের বলুন শব্দটা বুঝলে তারা যেন বুড়ো-আঙুল তোলে, খুব কম জানলে বা কিছুই না জানলে বুড়ো-আঙুল নিচের দিকে রাখে, এবং কিছু জানলে আঙুল সমান্তরাল রাখে।

কোথা থেকে শুরু করতে হবে তা জানার অর্থ আপনি আপনার শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক ও গঠনমূলক পাঠ পরিকল্পনা করতে পারেন। আপনার শিক্ষার্থীরা কতটা ভালভাবে শিখছে তা মূল্যায়ন করতে পারাও গুরুত্বপূর্ণ যাতে আপনি এবং তারা উভয়েই জানেন যে তারপর তাদের কী শিখতে হবে। আপনার শিক্ষার্থীদের শেখার দায়িত্ব নিজেদের ওপর নেওয়ার সুযোগ করে দেওয়া তাদের জীবন-ব্যাপী শিক্ষার্থী হওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

চলাকালীন: শিক্ষার্থীদের শেখার উন্নতি নিশ্চিত করা

আপনার শিক্ষার্থীদের সাম্প্রতিক অগ্রগতির ব্যাপারে কথা বলা সময় নিশ্চিত করুন যাতে আপনার মতামত তাদের কাছে উপযোগী ও গঠনমূলক হয়। এইভাবে তা করুন:

- শিক্ষার্থীদের শক্তির/ সাবলীল জায়গাগুলো এবং তারা কীভাবে পরে উন্নতি করতে পারে তা তাদের জানতে সাহায্য করে
- কিসে/ কোনক্ষেত্রে আরও উন্নতি করতে হবে সে সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরী করে
- তারা কীভাবে তাদের শেখার বিকাশ ঘটাতে পারে সে সম্পর্কে ইতিবাচক হয়ে, তারা উপদেশ বোঝে কিনা এবং তা ব্যবহার করতে সক্ষম মনে করে কিনা তাও পরীক্ষা করে।

আপনাকে শিক্ষার্থীদের শিখন উন্নত করার জন্যও সুযোগ করে দিতে হবে। এর অর্থ হল আপনার শিক্ষার্থীরা এখন তাদের শেখার যে অবস্থানে আছে এবং আপনি তাদের যে অবস্থানে নিয়ে যেতে চান তার মাঝের ঘাটতি পূরণ করতে আপনাকে আপনার পাঠ পরিকল্পনা পরিবর্তন করতে হতে পারে। এর জন্য আপনাকে যা করতে হতে পারে:

- এমন কিছু কাজে ফিরে যাওয়া যা তারা ইতিমধ্যেই জানে বলে আপনি মনে করেন

- শিক্ষার্থীদের প্রয়োজন অনুসারে দলে ভাগ করা, আর তাদের ভিন্ন ভিন্ন কাজ দেওয়া
- অনেকগুলো সম্পদের মধ্যে কোনটা তাদের অধ্যয়ন করা দরকার সে ব্যাপারে শিক্ষার্থীদের নিজেদের সিদ্ধান্ত নিতে দেওয়া যাতে তারা 'নিজেদের ঘাটতি পূরণ করতে পারে'
- 'সহজ বোধ্য বা সহজসাধ্য, উচ্চ চ্যালেঞ্জপূর্ণ' কাজ ব্যবহার করুন যাতে সব শিক্ষার্থীর পক্ষে অগ্রগতি করা সম্ভব হয় – এগুলো এমনভাবে সাজান হয় যাতে সব শিক্ষার্থী কাজটা শুরু করতে পারে কিন্তু অধিকতর সক্ষমদেরও সীমাবদ্ধ করে দেওয়া হয় না এবং তাদের শিখনের সম্প্রসারণ ঘটাতে পারে।

বেশিরভাগ সময়েই পাঠের গতি কমিয়ে দিয়ে আপনি শেখার গতি বাড়াতে পারেন কারণ আপনি শিক্ষার্থীদের এটা ভাবা এবং বোঝার সময় ও ভরসা দেন যে উন্নতি করার জন্য তাদের কী করতে হবে। শিক্ষার্থীদের নিজেদের মধ্যে তাদের কাজ সম্পর্কে কথা বলতে দেওয়া, এবং তাদের ঘাটতিগুলো কোথায় ও কীভাবে তারা সেগুলো পূরণ করতে পারে তা প্রকাশ করার সুযোগ দেওয়ার মাধ্যমে, আপনি তাদের নিজেদের মূল্যায়ন করার উপায় দেখান।

পরে: প্রমাণ সংগ্রহ করা ও ব্যাখ্যা করা, এবং অগ্রবর্তী পরিকল্পনা করা

শিক্ষন ও শিখন চলার সময় এবং কোন ক্লাসঘরের কাজ বা বাড়ির কাজ ঠিক করার পরে, গুরুত্বপূর্ণ হল:

- আপনার শিক্ষার্থীরা কতটা ভাল করছে তা দেখা
- রবর্তী পাঠে আপনার পরিকল্পনার সুবিধার জন্য এটা ব্যবহার করা
- এটাকে মতামত সহ শিক্ষার্থীদের কাছে ফিরিয়ে দেওয়া।

মূল্যায়নের তিনটি মূল দশা নিচে আলোচিত হয়েছে।

তথ্য বা প্রমাণ সংগ্রহ করা

প্রত্যেক শিক্ষার্থী ভিন্নরূপে, তাদের নিজস্ব গতিতে ও রীতিতে, স্কুলের ভেতরে এবং বাইরে শেখে। সুতরাং, শিক্ষার্থীদের মূল্যায়ন করার সময় আপনাকে দুটো কাজ করতে হবে:

- বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করুন - আপনার নিজস্ব অভিজ্ঞতা, শিক্ষার্থী, অন্যান্য শিক্ষার্থী, অন্যান্য শিক্ষক, পিতামাতা এবং কম্যুনিটির সদস্যদের নিকট থেকে।
- শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে, জুটিতে এবং দলে মূল্যায়ন করুন, এবং স্ব-মূল্যায়ন চালু করুন। যেহেতু কোন একক পদ্ধতি আপনাকে সমস্ত তথ্য দিতে পারে না, তাই বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শিক্ষণ ও অগ্রগতি সম্পর্কে তথ্য সংগ্রহ করার বিভিন্ন উপায় হল বিষয় ও থিমগুলো পর্যবেক্ষণ করা, শোনা, আলোচনা করা, এবং ক্লাসের ও বাড়ির লিখিত কাজের পর্যালোচনা করা।

তথ্য সংগ্রহ করে লিপিবদ্ধ করা

ভারতব্যাপী সমস্ত স্কুলে রেকর্ড রাখার সবথেকে সাধারণ রূপ হল রিপোর্ট কার্ডের ব্যবহার, কিন্তু এতে শিক্ষার্থীর শেখা বা আচরণের সমস্ত দিকগুলো নথিভূক্ত করার সুযোগ নাও থাকতে পারে। এটা করার কিছু সহজ উপায় আছে যা আপনি বিবেচনা করে দেখতে পারেন, যেমন:

- শিখন-শিক্ষণ চলার সময় আপনি যা দেখছেন তা কোন দিনলিপি/নোটবই/রেজিস্টারে নোট করে রাখা
- শিক্ষার্থীদের কাজের নমুনা রাখা (লিখিত, শিল্প, হস্তশিল্প, প্রকল্প, কবিতা, ইত্যাদি) একটা পোর্টফোলিওতে
- সমস্ত শিক্ষার্থীর প্রোফাইল তৈরী করা
- শিক্ষার্থীদের যেকোন অস্বাভাবিক ঘটনা, পরিবর্তন, সমস্যা, ক্ষমতা এবং শেখার প্রমাণ রাখা।

প্রমাণের ব্যাখ্যা করা

একবার তথ্য ও প্রমাণসমূহ সংগৃহীত ও নথিভুক্ত হয়ে গেলে, প্রত্যেক শিক্ষার্থী কীভাবে শিখছে এবং অগ্রগতি করছে সে সম্পর্কে বোধ গঠন করার জন্য এর ব্যাখ্যা করা গুরুত্বপূর্ণ। এজন্য সযত্ন অনুধ্যান ও বিশ্লেষণ প্রয়োজন। তারপর শিক্ষণ উন্নত করার জন্য আপনাকে আপনার প্রাপ্ত বিষয়গুলো নিয়ে কাজ করতে হবে, হতে পারে শিক্ষার্থীদের মতামত দেওয়ার মাধ্যমে অথবা নতুন নতুন সম্পদ বার করা, দলগুলোকে পুনর্গঠিত করা, অথবা শেখার বিশেষ কোন বিষয় পুনরায় করার মাধ্যমে।

উন্নতির পরিকল্পনা

পৃথকীকৃত শিখন কার্যক্রম স্থাপন করে যে শিক্ষার্থীদের বেশি সাহায্য প্রয়োজন তাদের দিকে মনোযোগ দেওয়া ও যারা বেশি অগ্রণী তাদের চ্যালেঞ্জের সম্মুখীন করার মাধ্যমে মূল্যায়ন প্রত্যেক শিক্ষার্থীর জন্য অর্থপূর্ণ শিক্ষণের সুযোগ প্রদানে আপনাকে সাহায্য করতে পারে।

অতিরিক্ত সম্পদসমূহ

- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- 'Children talk their way into literacy' by Gordon Wells: http://people.ucsc.edu/~gwells/Files/Papers_Folder/Talk-Literacy.pdf
- **West Bengal Board of Primary Education আমাদের পরিবেশ** – BooK-5
- **West Bengal Board of Primary Education English Textbooks – Butterfly** – 3, 4, 5,
- **গণিত প্রকাশ** West Bengal Government Textbooks (W.B.B.SE, W.B.B.PE)

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Amritavalli, R. (2007) *English in Deprived Circumstances: Maximising Learner Autonomy*. Department of Linguistics, The English and Foreign Languages University, University Publishing Online: Foundation Books.

Cummins, J. (2000) Language, Power, and Pedagogy: Bilingual Children in the Crossfire. Bristol: Multilingual Matters.

Cummins, J. (undated) 'BICS and CALP' (online), Jim Cummins' Second Language Learning and Literacy Development Web. Available from: http://iteachilearn.org/cummins/bicscalp.html (accessed 2 July 2014).

Gibbons, P. (2002) *Scaffolding Language, Scaffolding Learning: Teaching Second Language Learners in the Mainstream Classroom*. Portsmouth: Heinemann.

Hastings, S. (2003) 'Questioning', *TES Newspaper*, 4 July. Available from: http://www.tes.co.uk/article.aspx?storycode=381755 (accessed 22 September 2014).

Hattie, J. (2012) *Visible Learning for Teachers: Maximising the Impact on Learning*. Abingdon: Routledge.

Krashen, S. (1981) *Second Language Acquisition and Second Language Learning*. Oxford: Pergamon Press.

Krashen, S. (1982) *Principles and Practice in Second Language Acquisition*. Oxford: Pergamon Press.

Mohan, B. (1986) *Language and Content*. Reading: Addison-Wesley.

Mohan, B., Leung, C. and Davison, C. (eds) (2001) *English as a Second Language in the Mainstream: Teaching, Learning and Identity*. New York, NY: Longman.

Wells, G. (2009) *The Meaning Makers: Learning to Talk and Talking to Learn*, 2nd edn. Bristol: Multilingual Matters.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

RV VSEI রিসোর্স সেন্টার (http://www.rvec.in/)।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।